

স্মারক নম্বর: ১৩.০১.৮৯০০.০০০.৪৫.০০২.২৪.১৫৭৪

তারিখ: ১৭/১১/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি


বিষয়: চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৪-২৫ এর আওতায় চাল (সিদ্ধ ও আতপ) সংগ্রহের নোটিশ।

এতদ্বারা অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৪-২৫ মৌসুমে সরকারিভাবে চাল (সিদ্ধ ও আতপ) ক্রয়ের লক্ষ্যে শেরপুর জেলাধীন বরাদ্দপ্রাপ্ত/চুক্তিযোগ্য সচল চালকল মালিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নলিখিত শর্তসাপেক্ষে এ জেলার সংশ্লিষ্ট চালকল মালিকগণকে **আগামী ২৮/১১/২০২৪ খ্রি. তারিখ বেলা ০৩:০০ ঘটিকার মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।**

“শর্তাবলী”

- ১। আমন/২০২৪-২৫ চাল (সিদ্ধ ও আতপ) সংগ্রহের লক্ষ্যে মিলারগণের সাথে চুক্তির সময়সীমা ১৭/১১/২০২৪ খ্রি. হতে ২৮/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত। প্রতি কেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য- ৪৭.০০ (সাতচল্লিশ) টাকা ও আতপ চালের সংগ্রহ মূল্য- ৪৬.০০ (ছেচল্লিশ) টাকা;
- ২। **আবেদনের সংশ্লিষ্ট প্রদেয় কাগজপত্র-**
 - (ক) মিল লাইসেন্স ও ফুডগ্রেইন লাইসেন্সের ফটোকপি;
 - (খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
 - (গ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঞ্জিন ছবি;
 - (ঘ) সর্বশেষ ০৩ (তিন) মাসের বিদ্যুৎ বিলের ফটোকপি/প্রত্যয়নপত্রের মূলকপি।উল্লেখ্য, আবেদনপত্রে মিল মালিকের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যাদি ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৩। **চুক্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র-**
 - (ক) ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প;
 - (খ) মিল লাইসেন্স ও ফুডগ্রেইন লাইসেন্সের মূলকপি;
 - (গ) বিদ্যুৎ বিলের মূলকপি;
 - (ঘ) বরাদ্দপ্রাপ্ত চালের সংগ্রহ মূল্যের ২% হারে এবং প্রয়োজনীয় সংখ্যক খালি বস্তার মূল্য বাবদ (৩০ কেজি ধারণক্ষম প্রতি বস্তার জন্য ৫৫/- টাকা ও ৫০ কেজি ধারণক্ষম প্রতি বস্তার জন্য ৯০/- টাকা হারে) পৃথক-পৃথক জামানত যে কোন তফশীলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (MICR) এর মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর বরাবর জমা দিতে হবে;
- ৪। বরাদ্দপ্রাপ্ত চালকলগুলোকে স্থানীয় কৃষকদের নিকট হতে খান ক্রয় করে মিলে ছাঁটাই করে বিনির্দেশ মানের চাল প্রস্তুত করে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করতে হবে।
- ৫। আগ্রহী চালকল মালিকগণকে আবশ্যিকভাবে **আগামী ২৮/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে চুক্তি সম্পাদন করতে হবে।**
- ৬। সকল ক্ষেত্রে খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ ও সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলী অনুসরণ করা হবে।

মিলের বরাদ্দ, বিভাজন ও জামানত সম্পর্কিত তথ্যের জন্য জেখানি দপ্তরের নোটিশবোর্ড, ওয়েবসাইট (www.food.sherpur.gov.bd) এবং সকাল ১০:০০ হতে বেলা ০৩:০০ পর্যন্ত মোবাইল নম্বর ০১৯১৪-২০৭৯৯১ এ ফোন করা যাবে।


মোঃ নাজমুল হক ভূঁইয়া (০২২০৭)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ফোন: ০২৯৯-৭৭৮১৪৫৯
E-mail: dcf.spr@dgfood.gov.bd

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। জেলা প্রশাসক, শেরপুর;
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ;
- ৪-৮। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর/নালিতাবাড়ী/নকলা/শ্রীবরদী/বিনাইগাতী, শেরপুর;
- ৯-১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর সদর/নালিতাবাড়ী/নকলা/শ্রীবরদী/বিনাইগাতী, শেরপুর;
- ১৪। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুরএলএসডি-১, শেরপুর;
- ১৫-১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নালিতাবাড়ী/নকলা/শ্রীবরদী/বিনাইগাতী এলএসডি, শেরপুর;
- ১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা মিল মালিকস মিতি, শেরপুর;
- ২০-২৩। সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা মিল মালিক সমিতি, নালিতাবাড়ী/নকলা/শ্রীবরদী/বিনাইগাতী, শেরপুর;
- ২৪-২৫। অফিসকপি/ওয়েবসাইট, অত্র দপ্তর, শেরপুর।